

১৩ নং-১৬/০৭/২০২৫
১৩ ফাইল নং-
১ তারিখ-



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

প্রঃ সঃ/প্রয়োজনীয় ব্যবস্থা
১৫/০৭/২৫

স্মারক নং- ১৬/০৭/২৫ জাতীয়/রেজি/অ্যাকা/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২২-২০২৩/৫৩৮১

তারিখ: ১৫/০৭/২০২৫

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের কোটার মেধা তালিকা ২০ জুলাই ২০২৫ তারিখ বিকাল ৪ টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atmf<space>admi no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৩ জুলাই ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় বৈধ ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এ ভর্তি কার্যক্রমের বিজ্ঞপ্তি তথা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে কোটার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে Masters (Regular) Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।	২০/০৭/২০২৫ থেকে ২৭/০৭/২০২৫
২)	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংক এর মাধ্যমে অথবা সারসরি) জমা দেয়ার তারিখ:	২১/০৭/২০২৫ থেকে ২৮/০৭/২০২৫
৩)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়নের তারিখ: কলেজ কর্তৃপক্ষকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য, ছবি ও যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত কোটার সনদপত্র যাচাই করে অনলাইনে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য, ছবি ও কোটার সনদপত্রে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর জানাতে হবে।	২১/০৭/২০২৫ থেকে ২৯/০৭/২০২৫
৪)	কলেজ কর্তৃপক্ষকে কোটার ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফির জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip-এ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে "রেজিস্ট্রেশন ফি" বাতের সফরী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	৩০/০৭/২০২৫ থেকে ০৪/০৮/২০২৫

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯৯৬৬৯১৫৭৪

ই-মইল- adm.masf@nu.ac.bd

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৬/০৭/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শেষপর্ব ভর্তি কার্যক্রমে কোটার মেধা তালিকা আগামী ২০/০৭/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টায় প্রকাশ করা হবে। এ মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি নীচের কলেজের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে জানানো হবে।

১৬/০৭/২৫
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। বিভাগীয় প্রধান,
- ২। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেওয়া গেল;
- ৩। সংরক্ষণ নথি।